2026

BENGALI

(Major)

Paper : BEN4400304 MJ

(লোকসাহিত্য পাঠ)

Full Marks : 60

Time : 2½ hours

The figures in the margin indicate full marks for the questions.

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৮=৮

(ক) 'ঠাকুরমার ঝুলি' গ্রন্থের সংকলকের নাম কী ?

(খ) 'কিরণমালা' গল্পের রাক্ষসীরাণীর নাম কী ছিল ?

(গ) 'তোষলা' ব্রতকে অন্য কী নামে জানা যায় ?

(ঘ) 'খাঁচার ভিতর অচিন পাখি'—গানটির রচয়িতা কে ?

(ঙ) 'সাত ভাই চম্পা' গল্পের বোনটির নাম কী ?

(চ) 'ছেলেভুলানো ছড়া' প্রবন্ধটির রচয়িতা কে ?

(ছ) 'আমরা পাঁচজন ভাই/একসাথে ভাত খাই।'—এই ধাঁধাটির উত্তর লেখো।

(জ) 'আদর সিংহাসন' ব্রতের ব্রতী কারা?

২। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও : ২×৬=১২

(ক) 'নীলকমল আর লালকমল' গল্পের রাজার দুই পুত্রের আসল নাম কী ছিল?

(খ) 'শিয়াল পণ্ডিত' গল্পে শিয়াল পণ্ডিত কোথায় পাঠশালা খুলেছিল? কুমিরের কয়টি ছানাকে সেখানে পড়তে পাঠিয়েছিল?

(গ) 'বাংলার ব্রত' গ্রন্থে উল্লিখিত ব্রত কয় প্রকার ও কী কী?

(ঘ) 'পুণ্যিপুকুর' ব্রত কেন করা হয়?

(ঙ) বাউল গানের দুটি বৈশিষ্ট্য লেখো।

(চ) 'মাঘমণ্ডল' ব্রতে কার ব্রত করা হয় এবং এ ব্রতের ব্রতী কারা?

(ছ) 'কিরণমালা' গল্পের কিরণমালার দুই ভাইয়ের নাম লেখো।

(জ) 'গহীন গাঙের নাইয়া'—কথার অর্থ কী?

(ঝ) 'খাঁচার ভিতর অচিন পাখি'—গানটিতে বর্ণিত কুঠুরি ও দরজার সংখ্যা উল্লেখ করো।

(ঞ) ছড়ার দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) ছোটরাণী কীভাবে ঘুঁটে কুড়ানি হয়ে গেল? বর্ণনা করো।

(খ) 'নীলকমল ও লালকমল' গল্প অবলম্বনে খোক্কস বধের কাহিনি বর্ণনা করো।

(গ) 'তোমায় হৃদ মাঝারে রাখিব ছেড়ে দেবো না'—গানটির ভাবসৌন্দর্য বিশ্লেষণ করো।

(ঘ) 'মন মাঝি তোর বৈঠা নে রে'—গানটির অন্তর্নিহিত তাৎপর্য ব্যাখ্যা করো।

(ঙ) ''কোজাগরী লক্ষ্মীপূজার পূর্বে অন্যতম একটি পূজা চলে 'অলক্ষ্মী বিদায়'''—আলোচনা করো।

(চ) 'তোসলা ব্রত'-এর উপকরণ ও নিয়মাবলী সম্বন্ধে বর্ণনা করো।

(ছ) ধাঁধা বলতে কী বোঝ? লৌকিক ধাঁধা সম্বন্ধে যা জান লেখো।

(জ) 'ছেলেভুলানো ছড়া' সম্পর্কে যা জান বর্ণনা করো।

৪ । যে কোনো দুটি প্রশ্নের উত্তর লেখো : ১০×২=২০

(ক) 'সাত ভাই চম্পা' গল্পের নামকরণের সার্থকতা পর্যালোচনা করো।

(খ) 'শিয়াল পণ্ডিত' গল্প অবলম্বনে শিয়াল কীভাবে কুমিরকে বোকা বানিয়েছিল, আলোচনা করো।

(গ) 'মাঘমণ্ডল'-এর ব্রতকথা আলোচনা প্রসঙ্গে ব্রতের মাহাত্ম্য আলোচনা করো।

(ঘ) ভাটিয়ালি গানের বৈশিষ্ট্যের নিরিখে 'আমি যে গহীন গাঙের নাইয়া' গানটির তাৎপর্য বিশ্লেষণ করো।

(ঙ) 'লোকসাহিত্যের ধারা হিসেবে বাংলা প্রবাদ সম্পর্কে উদাহরণসহ সংক্ষেপে আলোচনা করো।

★★★